SKIPPER Limited

**SKPL/SECT/2026-27/42**
**Date: 12th June, 2026**

The Manager
National Stock Exchange of India Limited
Exchange Plaza, 5th Floor,
Plot No. C/1, G Block
Bandra Kurla Complex, Bandra (E)
Mumbai - 400 051
**Symbol - SKIPPER**

The Manager
BSE Limited
Phiroze Jeejeebhoy Towers, Dalal Street
Mumbai – 400 001
**Scrip Code-538562**

**Subject: Newspaper Publication pertaining to the "Special window for re-lodgement of transfer requests of physical shares"**

Dear Sir/Madam,

We are enclosing herewith the copies of newspaper publications made on 12th June, 2026 in Financial Express (English) (All editions) and Ek Din (Bengali) (Kolkata edition) towards publication of "Special window for re-lodgement of transfer requests of physical shares", in terms of Regulation 30 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

The contents of the above publications are self-explanatory. The same is also being uploaded on the Company's website at www.skipperlimited.com.

We request you to kindly take the same on records.

Thanking You,

Yours faithfully,
For **Skipper Limited**

ANU SINGH
Digitally signed by ANU SINGH
Date: 2026.06.12 15:12:26 +05'30'

**Anu Singh**
**Company Secretary & Compliance Officer**

Encl: As above

SKIPPER LIMITED
CIN: L40104WB1981 PLC033408
Regd. Office: 3A, Loudon Street, 1st Floor, Kolkata 700 017
Phone: 033 2289 5731/32
Fax: 033 2289 5733
Email: mail@skipperlimited.com
Website: www.skipperlimited.com

# জামালপুরে তৃণমূলের পার্টি অফিসে ত্রাণ কেলেঙ্কারি

## কেন্দ্রীয় বাহিনী নামিয়ে উদ্ধারকাজ



**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকে জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয় সংলগ্ন ব্লক সভাপতি মেহেমুদ খানের ব্যক্তিগত সম্পত্তি তথা প্রাক্তন 'খান বস্ত্রালয়' নামক একটি কাপড়ের দোকান থেকে উদ্ধার হলো বিপুল পরিমাণের সরকারি ত্রাণ সামগ্রী। বৃহস্পতিবার ব্লক প্রশাসন, বিশাল পুলিশ বাহিনী, কেন্দ্রীয় বাহিনী এবং বিপর্যয় মোকাবিলা দলের উপস্থিতিতে এই উদ্ধারকার্য চালানো হয়। ঘটনাস্থলে উপস্থিত ছিলেন স্বয়ং স্থানীয় বিধায়ক অরুণ হালদারের প্রতিনিধি ও সাধারণ মানুষ। সূত্রের খ বর, এই বিপুল পরিমাণ ত্রাণ সামগ্রী মজুত রাখার বিষয়ে প্রথম পদক্ষেপ নেন বিধায়ক অরুণ হালদার। তিনি জেলা শাসককে একটি লিখিত চিঠি পাঠিয়ে বিষয়টি জানান। বিধায়কের চিঠির ভিত্তিতে জেলা শাসকের দপ্তর থেকে একটি ডিপার্টমেন্টাল চিঠি পাঠানো হয় উচ্চপর্যায়ে। সেখান থেকে অনুমতি মেলার পর পুনরায় চিঠি পৌঁছায় জেলা শাসকের কাছে। এরপরই জেলা শাসক বিষয়টি অতিরিক্ত জেলা শাসককে খতিয়ে দেখার ও ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। এডিএম-এর নির্দেশে জামালপুরের বিডিও পার্থসারথি দে পুরো বিষয়টি তদারকি শুরু করেন। বৃহস্পতিবার চূড়ান্ত গোপনীয়তা ও আঁটসাঁট নিরাপত্তার মধ্য দিয়ে কেন্দ্রীয় বাহিনী, পুলিশ ও বিপর্যয় মোকাবিলা দল নিয়ে বিডিও স্বয়ং ঘটনাস্থলে পৌঁছান এবং তালা বন্ধ কার্যালয় ও দোকান থেকে উদ্ধারকাজ শুরু করেন। প্রাথমিক সূত্রে জানা গিয়েছে, মেহেমুদ খানের ব্যক্তিগত মালিকানাধীন বন্ধ কাপড়ের দোকান 'খান বস্ত্রালয়' এবং সংলগ্ন তৃণমূল দলীয় কার্যালয়ের ভেতর থেকে থরে থরে সাজানো সরকারি ত্রাণের ত্রিপল উদ্ধার হয়েছে। সরকারি ত্রাণ কেন এবং কী উদ্দেশ্যে এভাবে দলীয় কার্যালয় ও ব্যক্তিগত সম্পত্তিতে মজুত করে রাখা হয়েছিল, তা নিয়ে ইতিমধ্যেই বড়সড় প্রশ্ন উঠতে শুরু করেছে।ঘটনাটি জানাজানি হতেই জামালপুর ব্লক কার্যালয়ের সামনে শয়ে শয়ে সাধারণ মানুষ ভিড় জমান। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এলাকা ঘিরে রাখে বিশাল পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী ঘটনাকে কেন্দ্র করে জামালপুরের রাজনৈতিক পারদ এক ধাক্কায় অনেকটাই চড়ে যায়। দলীয় কার্যালয় থেকে সরকারি ত্রাণ উদ্ধারের ঘটনায় শাসকদলকে তীব্র নিশানা করতে ছাড়ছে না বিরোধী শিবির। অন্যদিকে, ব্লক সভাপতি মেহেমুদ খানের পক্ষ থেকে কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে প্রশাসন।

# এক্সপ্রেস নিউজ-এর রজতজয়ন্তী বর্ষ উদযাপন



**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** 'মিডিয়া মুঘল অফ সাউথ বেঙ্গল' এই নামেই বেশী পরিচিতি এক্সপ্রেস নিউজের। পায়ে পায়ে ২৫ বছর পার, অনেক কিছুর সাক্ষী, অনেক গুণী মানুষের সমাগম, মত প্রকাশ এক্সপ্রেস নিউজের পর্দায়। প্রতি বছরেই নিজেদেরকে সময়ের সঙ্গে চলার উপযোগী করেছে এই সংবাদমাধ্যম। দক্ষিণবঙ্গে গত ২৫ বছর ধরে সংবাদ পরিবেশন হোক বা নির্ভুল রাজনৈতিক বিশ্লেষণ হোক, বহু দর্শক এবং পাঠকদের কাছে ভরসার জায়গা করে নিয়েছে এই সংবাদ মাধ্যম। তাদের সুসজ্জিত স্টুডিও, অফিস এবং স্টেট অফ দ্য আর্ট টেকনোলজি সমেত উপস্থাপনা, বিভিন্ন বড় শহরের সংবাদমাধ্যমকে টেক্কা দিয়ে রজত জয়ন্তী বর্ষে পদার্পণ করল বলে মনে করছে বিশিষ্টজনেরা। এই উপলক্ষে দুর্গাপুরের সৃজনী প্রেক্ষাগৃহে আয়োজিত এক মনোরম সাংস্কৃতিক সন্ধ্যায় সংবর্ধনা দেওয়া হয় দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত সংবাদপত্রের প্রতিনিধি এবং গুণীজনেদের। সংস্থার কর্ণধার মদন সিং-এর ভূয়সী প্রশংসা করেন সকলে। অনুষ্ঠানে উপস্থিত একাধিক বিশিষ্ট ব্যক্তিরা বলেন, 'মদন সিং এমন একজন ব্যক্তি যিনি নির্ভিকভাবে এত বড় সংস্থা দীর্ঘ ২৫ বছর চালিয়ে এসেছেন।' গুজরাট থেকে আসা ভবানী শর্মা বলেন, 'মদন সিংয়ের মতো সহকর্মী পাওয়া খুব কঠিন, তিনি তাঁর পেশার দায়িত্ব পালনে প্রচণ্ড উৎসাহী আর তাঁর এই গুণই তাঁকে এক্সপ্রেস নিউজকে এই জায়গায় পৌঁছে দিয়েছে।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুর্গাপুর পশ্চিমের বিধায়ক লক্ষ্মণ ঘড়ুই, পাণ্ডবেশ্বরের বিধায়ক জিতেন্দ্র তিওয়ারি, সংগীত শিল্পী সৈকত মিত্র, হেলথ ওয়ার্ল্ডের কর্ণধার সুমিত বন্দ্যোপাধ্যায়, গুজরাট থেকে আগত নিতিন ভাই ওঝা, বিশিষ্ট সাংবাদিক মধুকর সিং-সহ অনেকেই। অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিলেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী কুমার সত্যম। তাঁর গজল শুনে মুগ্ধ হয়ে যান প্রেক্ষাগৃহে উপস্থিত সকলে।

# নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের ৭৫ বর্ষে শিক্ষার্থী সংখ্যা বেড়ে ১৮০

**প্রীতিলতা বন্দ্যোপাধ্যায়**

**বাঁকুড়া:** শহরাঞ্চল ছাড়াও রাজ্য জুড়ে বিশেষ করে মফস্বল ও শিল্লাঞ্চল এলাকায় ব্যাঙের ছাতার মত গজিয়ে ওঠা ইংরেজি মাধ্যম স্কুলগুলো রমরমিয়ে চলছে। অন্যদিকে, সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলি ছাত্রাভাবে ধুঁকছে। তখন বাঁকুড়া জেলার মেজিয়া শিল্লাঞ্চলে ডাং-মেজিয়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের পড়ুয়ার সংখ্যা বেড়েই চলেছে। এই বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে বুধবার সারাদিন নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। বিদ্যালয়ের এই প্লাটিনাম জুবিলির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক ত্রিলোচন ভট্টাচার্য, বিধায়ক চন্দনা বাউড়ি, রামহরিপুর রামকৃষ্ণ মিশনের শিক্ষক বামাপদ বন্দ্যোপাধ্যায়, বিশিষ্ট সমাজকর্মী তথা দুর্লভপুর ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি সুজিত অগস্তি, জেলা স্কুল পরিদর্শক পার্থপ্রতিম বিশ্বাস-সহ অনেকে। বিদ্যালয়ের ৭৫ বছরপূর্তির ফলক উন্মোচন করে অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক চন্দনা বাউড়ি। প্ল্যাটিনাম জুবিলি স্মরণিকাও প্রকাশ করে ডাং-মেজিয়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়। এই পত্রিকা এদিন প্রকাশ করেন স্কুল পরিদর্শক পার্থপ্রতিম বিশ্বাস ও সাহিত্যিক ত্রিলোচন ভট্টাচার্য। বিদ্যালয় প্রতিষ্ঠার সমসাময়িক বিশাল বটবৃক্ষ ছায়ায় উৎসবের যে আয়োজন তাতে বর্তমান ও প্রাক্তন ছাত্র ছাত্রীদের কলতানে মুখরিত হয়ে ওঠে ৭৫ বছরের ইতিহাস। বিদ্যালয়ের প্রধান শিক্ষক তথা উৎসব কমিটির সভাপতি বিকাশ নাথ বলেন, '১৯৫১ সালে বিদ্যালয়ের সরকারি অনুমোদন পেলেও বিদ্যালয়ের পথচলা শুরু হয় ১৯৪০ সালে। তখন এলাকায় শিক্ষার আলো ছিল না। গুরুকুল প্রশিক্ষণ প্রাপ্ত স্বর্গীয় কৃষ্ণসিন্ধু সরকার প্রথম শিক্ষক নিয়োগ হন। তখন পড়ুয়ার সংখ্যা ছিল ৫৯। তার মধ্যে বালিকা ছিল ৮ জন। তারপর দেশ স্বাধীন হওয়ার পর ১৯৫১ সালে বিদ্যালয়ের অনুমোদন পায়। এরজন্য ৫৪ শতক জমিদান করেন গ্রামেরই মুরলীধর লায়েক, রামগতি লায়েক ও অভিরাম লায়েক। পরবর্তীতে আরও কয়েকজন জমি দিয়ে বিদ্যালয়ের পরিসর বৃদ্ধি করেন।' বিকাশ নাথ বলেন, তাঁর স্কুলে বর্তমান পড়ুয়ার সংখ্যা ১৮০ জন। পূর্ণ সময়ের শিক্ষক শিক্ষিকা রয়েছেন ৪ জন ও ১ জন পার্শ্ব শিক্ষক। ২ জন শিক্ষকের ঘাটতি রয়েছে বলে জানান বিকাশবাবু। এছাড়াও বিদ্যালয়ে আসার যে রাস্তা রয়েছে সেটি বর্ষায় জলে ডুবে থাকে সেটির সংস্কার দরকার। বিদ্যালয়ে শিক্ষকদের জন্য কোনো শৌচাগার নেই। শৌচাগার অত্যন্ত জরুরি। তিনি বিধায়কের কাছে অনুরোধ করেন তাঁর এলাকা উন্নয়ন তহবিল থেকে যেন রাস্তা ও শৌচাগার নির্মাণ করার ব্যবস্থা করেন। ডিটিওএ এর সভাপতি সুজিত অগস্তি বলেন, 'শৌচাগার নির্মাণের জন্য তারা আর্থিক সহযোগিতা করবেন। ৭৫ বছর পূর্তি উপলক্ষে সারাদিন ধরে নাচ, গান, কবিতা পাঠ, আবৃত্তি, নাটক ও প্রাক্তন ছাত্র ছাত্রীদের পুনর্মিলনে মুখরিত ছিল উৎসব প্রাঙ্গণ।

# স্কুলে শিক্ষকতা করতে গিয়ে বিক্ষোভের মুখে তৃণমূল প্রার্থী

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** দীর্ঘ কয়েক বছর পর স্কুলে শিক্ষকতা করতে গিয়ে চরম বিক্ষোভের মুখে পড়লেন তৃণমূল নেতা তথা হবিবপুর বিধানসভা কেন্দ্রের প্রার্থী অমল কিস্কু। বুধবার রীতিমতো তাঁকে পারহবিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তালাবন্দি করে কয়েক ঘন্টা বিক্ষোভ দেখান সংশ্লিষ্ট এলাকার শতাধিক গ্রামবাসীরা। এমনকি ওই তৃণমূল নেতাকে 'চোর চোর' বলেও স্লোগান তোলা হয়। বৃহস্পতিবার সকাল থেকে দফায় দফায় এমন বিক্ষোভের ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে বামনগোলা থানার পারহবিনগর এলাকায়। বিক্ষোভকারী গ্রামবাসীদের অভিযোগ, প্রায় চোদ্দ বছর পর এদিন পার হবিনগর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওই তৃণমূল নেতা অমল কিস্কু শিক্ষকতা করতে এসেছেন। কেন তিনি এতদিন স্কুলে আসেননি তার জবাব চাওয়া হয়েছে। পাশাপাশি তার বদলে মাঝে মাঝে অন্য কাউকে পাঠানো হতো। সেই সব বিষয় নিয়ে এদিন ওই তৃণমূল নেতাকে ঘেরাও করে প্রতিবাদ জানানো হয়। এই ঘটনার সময় ওই তৃণমূল নেতা পরিস্থিতি বেগতিক দেখেই বামনগোলা থানার পুলিশের সাহায্য চাই। পরে ঘটনাস্থলে পুলিশ এসে বিক্ষোভকারীদের হাত থেকে স্কুলের প্রধান শিক্ষক তথা স্থানীয় তৃণমূল নেতাকে উদ্ধার করে নিয়ে যায়। সেই সময় শতাধিক গ্রামবাসীরা ওই তৃণমূল নেতাকে ঘিরে চোর চোর স্লোগান দিতে থাকে।

এদিন বিক্ষোভকারী দীপক মণ্ডল, বিজয় সাহাদের অভিযোগ, 'প্রায় ১৪ বছর হয়ে গেল অমল কিস্কু আমাদের গ্রামের এই সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হয়েও কোনদিন আসেননি। এতে আমাদের ছেলেমেয়েরা কী পড়াশোনা শিখবে? শেষ ২০১৬ সালে জানুয়ারি মাসে ওনাকে কয়েকবারের দেখা গিয়েছিল। তারপর থেকে কোনদিনই অমল কিস্কু এই স্কুলে আসেন নি। সব সময় তাঁকে রাজনীতির মঞ্চে দেখা গিয়েছে। অথচ একজন সরকারি স্কুলের শিক্ষক কিভাবে দিনের পর দিন নিজের জায়গায় অন্য কাউকে পাঠিয়ে কাজ সারতেন? শাসকদলের এলাকার প্রভাবশালী ওই নেতার বিরুদ্ধে ভয় কেউ মুখ খুলতে পারতাম না। কিন্তু এখন সময় এসেছে প্রতিবাদ করার। তার বদলি দাবিও আমরা তুলেছি।'

এদিকে নিজের দোষ আড়াল করতেই যেন মরিয়া হয়ে ওঠে হবিবপুরের ওই তৃণমূল নেতা অমল কিস্কু। তিনি অবশ্য কোনও কিছু কথা না বলে বিক্ষোভ থেকে এড়িয়ে চলে যান। হবিবপুরের বিজেপি বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী জুয়েল মুর্মু বলেন, 'তৃণমূলের জমানায় এভাবেই শিক্ষাব্যবস্থাকে ভেঙে চুরমার করে দেওয়া হয়েছে। আমরা চাই এরকম ভাবে শিক্ষা ব্যবস্থায় গাফিলতির অভিযোগ উঠলেই প্রশাসন যাতে ব্যবস্থা নেই।' মালদা জেলা প্রাথমিক বিদ্যালয় পরিদর্শক তথা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান মলয় কুমার মণ্ডল জানিয়েছেন, 'এই ঘটনা সম্পর্কে কিছু জানা নেই অবশ্যই বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে।'

# বিজেপি কর্মীদের উপর হামলা, কাঠগড়ায় তৃণমূল

**নিজস্ব প্রতিবেদন, আসানসোল:** আসানসোল পুরনিগমের ৫৮ নম্বর ওয়ার্ডের ধেমোমেন এলাকায় বিজেপি কর্মীদের ওপর ধারালো অস্ত্র, রড ও লাঠি নিয়ে হামলার অভিযোগ উঠল সদ্যপদত্যাগী তৃণমূল কাউন্সিলর সঞ্জয় নুনিয়া, তাঁর বাবা রোহিত নুনিয়া এবং তাঁরপরিবারের বিরুদ্ধে। বুধবার রাতে এই ঘটনায় গুরুতর জখম অবস্থায় স্থানীয় বিজেপি নেতা বি.কে যাদব ও তাঁর দাদা বাবলু যাদবকে আসানসোল জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পর থানায় অভিযোগ দায়ের করা হলে পুলিশ ইতিমধ্যেই কয়েকজনকে আটক করেছে, তবে মূল অভিযুক্তরা এখনও পলাতক। স্থানীয় সূত্রে জানা গেছে, ধেমোমেন এলাকায় নরেন্দ্র মোদীর প্রধানমন্ত্রীত্বের ১২ বছর পূর্তি উপলক্ষে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠান শেষে রাতে যখন বিজেপি কর্মীরা বাড়ি ফিরছিলেন, ঠিক তখনই তাঁদের ওপর আচমকা হামলা চালানো হয়। আক্রান্ত বিজেপি নেতা বাবলু যাদব। জানান যে, অনুষ্ঠান শেষ হওয়ার পরপরই ২৫ থেকে ৩০ জনের একটি দল এসে তাঁদের ওপর চড়াও হয় আগ্নেয় অস্ত্র, রড ও লাঠি নিয়ে। তাঁরা কেন বিজেপি বা দলীয় কর্মসূচি করছেন, তা নিয়ে প্রশ্ন তুলে মারধর শুরু করে।অভিযোগের তির আসানসোল পুরনিগমের ৫৮ নম্বর ওয়ার্ডের সদ্য পদত্যাগী তৃণমূল কাউন্সিলর সঞ্জয় নোনিয়া, তাঁর বাবা তথা তৃণমূল নেতা রোহিত নোনিয়া, ভাই রাহুল নোনিয়া এবং বলবীর নোনিয়া ও মনোজ নোনিয়া সহ তাঁদের অনুগামীদের বিরুদ্ধে। বাবলু যাদবের অভিযোগ, কোনো কারণ ছাড়াই সোজা এসে প্রথমে এক বিজেপি কর্মীর ওপর হামলা চালানো হয় এবং পরবর্তীতে তাঁদের বাঁচাতে গেলে বাকিদেরও রড, লাঠি ও ধারালো অস্ত্র দিয়ে নির্মমভাবে কোপানো হয়। এই ঘটনায় এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়েছে এবং পুলিশ ঘটনার তদন্ত শুরু করে বাকি অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালাচ্ছে। ঘটনার পর এলাকায় পুলিশ পিকেট বসানো হয়েছে। রয়েছে আধা সামরিক বাহিনী।

# পাত্রসায়রের বিডিও-র দ্বারস্থ পড়ুয়া এবং অভিভাবকরা

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** রাজ্যের সরকারি ও সরকার পোষিত স্কুলগুলির শিক্ষকদের প্রাইভেট টিউশানি বন্ধ করার নির্দেশ দিয়েছে রাজ্যের সরকার। শিক্ষাবর্ষের মাঝপথে এই নিয়ম কার্যকর না করার দাবিতে এবার প্রশাসনের দ্বারস্থ হল পড়ুয়ারা। ঘটনা বাঁকুড়ার পাত্রসায়েরের। পাত্রসায়ের ব্লকের বিডিও-র দ্বারস্থ হয়ে এদিন পড়ুয়ারা এবং অভিভাবকরা প্রশাসনের কাছে এদিন কাতর অনুরোধ জানায়। রাজ্য সরকারে পালাবদলের পর এরাজ্যে সরকার ও সরকার পোষিত স্কুলগুলির শিক্ষক শিক্ষিকাদের প্রাইভেট টিউশানি বন্ধের নির্দেশ দেয় রাজ্যের সরকার। শিক্ষাবর্ষের একেবারে মাঝপথে এই নির্দেশিকা কার্যকর হলে চূড়ান্ত বিপাকে পড়ার আশঙ্কা করছে দশম ও দ্বাদশ শ্রেণির পড়ুয়া ও অভিভাবকেরা। দশম ও দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের কথা ভেবে চলতি শিক্ষাবর্ষে এই নিয়ম কার্যকর না করে আগামী শিক্ষাবর্ষ থেকে তা লাগু করার দাবিতে এবার ব্লক প্রশাসনের দ্বারস্থ হল বাঁকুড়ার পাত্রসায়ের ব্লকের পড়ুয়ারা। পাত্রসায়ের ব্লকের দশম ও দ্বাদশ শ্রেণির পড়ুয়া ও অভিভাবকদের দাবি পাত্রসায়ের ব্লকের মতো প্রান্তিক ব্লকগুলিতে যথেষ্ট ভালো শিক্ষক নেই। যারা প্রাইভেট টিউশানি পড়ান তাঁরা সকলেই কোনও না কোনও স্কুলের শিক্ষক শিক্ষিকা। সরকারি নির্দেশে ওই শিক্ষক শিক্ষিকারা শিক্ষাবর্ষের মাঝপথে প্রাইভেট টিউশানি বন্ধ করে দেওয়ায় আসন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলে ব্যাপক প্রভাব পড়বে।

# বল্লভপুর পঞ্চায়েতের উপপ্রধান গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদন, রানিগঞ্জ:** - রানিগঞ্জ ব্লকের বল্লভপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান সিধান মণ্ডলকে গ্রেফতার করল আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের রানিগঞ্জ থানার পুলিশ। তাঁর বিরুদ্ধে বিজেপি কর্মী-সমর্থকদের মারধর, হুমকি, নির্বাচনের সময় হামলা চালানো, বালি পাচার এবং পঞ্চায়েতের অর্থ তছরুপ-সহ একাধিক গুরুতর অভিযোগ রয়েছে বলে সূত্রের খ বর। অভিযোগ, বিভিন্ন নির্বাচনের সময় রাজনৈতিক প্রভাব খাটিয়ে বিরোধী দলের নেতা-কর্মীদের ভয় দেখানো, হুমকি দেওয়া এবং তাঁদের ওপর হামলা চালানোর ঘটনায় যুক্ত ছিলেন সিধান মণ্ডল। বিজেপির আসানসোল দক্ষিণ গ্রামীণ মণ্ডল সভাপতি পরিমল মাজির দাবি, দীর্ঘদিন ধরে তৃণমূলের একাংশের বিরুদ্ধে অন্যায়, অত্যাচার, দুর্নীতি ও লুটপাটের যে অভিযোগ উঠেছে, তারই ফলস্বরূপ একের পর এক অভিযোগ সামনে আসছে এবং অভিযুক্তরা পুলিশের জালে ধরা পড়ছেন। তিনি বলেন, 'সমগ্র পশ্চিমবঙ্গে যেভাবে তৃণমূলের কিছু নেতা-কর্মীর বিরুদ্ধে অভিযোগ জমা পড়ছে, তাতে বড় থেকে ছোট;সব স্তরের নেতারাই আইনের আওতায় আসছেন। গ্রেপ্তারের এই ধারা অব্যাহত থাকলে একসময় সংখ্যাটা এতটাই বেড়ে যাবে যে ব্রিগেড ময়দানও ভরে যেতে পারে।' অন্যদিকে, সিধান মণ্ডল তাঁর বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছেন। তাঁর দাবি, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাঁকে মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছে। তিনি নির্দোষ এবং আইনি লড়াইয়ের মাধ্যমে সত্য সামনে আসবে বলেও দাবি করেছেন।

# সন্দেশখালিতে ফের আগ্নেয়াস্ত্র উদ্ধার

**নিজস্ব প্রতিবেদন, সন্দেশখালি:** সন্দেশখালির খড়িহাটি পুকুর থেকে ফের আগ্নেয়াস্ত্র উদ্ধার। ১৬টা বন্দুক ও প্রায় ২০০০ রাউন্ড গুলি উদ্ধার করে। পুলিশের সঙ্গে ছিল বেঙ্গল এসটিএফ। শেখ শাহজাহানের মাটিতে ফের পুকুর থেকে অস্ত্র ভান্ডার উদ্ধার। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগণের বসিরহাট মহকুমার সন্দেশখালির বিধানসভার নেজাট থানার বয়ারমারি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের খড়িহাটি শ্মশান ঘাট এলাকার একটি পুকুর থেকে। সম্প্রতি চলতি মাসের ৬ জুন সন্দেশখালি মনিপুর ও কুমড়োখালি থেকে বিপুল পরিমাণ অস্ত্র উদ্ধার হয়েছিল। ঘটনায় ছয় জন গ্রেপ্তারও করেছিল পুলিশ। তাদেরকে জিজ্ঞাসাবাদ করে বৃহস্পতিবার বেঙ্গল এসটিএফ-এর আধিকারিকরা খড়িহাটি এলাকার পুকুরে অস্ত্র উদ্ধার সঙ্গে বিপুল পরিমাণ কার্তুজও উদ্ধার করে। সন্দেশখালি থেকে এই বিপুল পরিমান অস্ত্র উদ্ধার আদপে প্রমাণ করে শেখ শাহাজাহেন সন্দেশখালি বারুদ ও আগ্নেয়াস্ত্রের স্তুপের উপর ছিল। তৎকালীন সময়ে বিরোধীদের অভিযোগ, দিনদিন আরও সত্য বলে প্রমাণিত হচ্ছে।

---

**"ফর্ম নং আইএনসি -২৬"**
(২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ অনুযায়ী)
এক রাজ্য থেকে অন্যরাজ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিস পরিবর্তনের জন্য সংবাদপত্রে প্রকাশক বিজ্ঞাপন

**কেন্দ্রীয় সরকার সমীপে,**
**রিজিওনাল ডিরেক্টর, (ইস্টার্ন রিজিওন)**
**কর্পোরেট ভবন, ৭মতল, প্লট নং ৩এফ/১৬, এএ-৩এফ রাজারহাট, নিউ টাউন, আকন্দকেশরী, কলকাতা-৭০০১৩৫**
২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ এর উপধারা (৪) এবং ২০১৪ সালের কোম্পানিজ(ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব রুল (৫) এর ক্লজ (এ) বিষয় সম্পর্কিত
এবং
**ডুয়েট ইলেক্ট্রনিকস এন্টারপ্রাইজেস প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস -৩, সাকাত প্লেস, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০০৭২ বিষয় সম্পর্কিত**
... আবেদনকারী

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোম্পানির সোমবার ৮ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত বিশেষ প্রস্তাব অনুযায়ী **'পশ্চিমবঙ্গ রাজ্য' থেকে 'উত্তর প্রদেশ রাজ্যে'** রেজিস্টার্ড অফিস স্থানান্তর নির্ধারণের জন্য কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ১৩ অধীনে কেন্দ্রীয় সরকার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করছে
কোনও ব্যক্তির কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের ফলে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বিনিয়োগকারীগণের ফর্ম পূরণ সাপেক্ষে স্বয়ং বা রেজিস্টার্ড ডাকে হলফনামা দ্বারা সমর্থিত মথে আপত্তির কারণ এবং স্বার্থের ধরন সম্বলিত নোটিশ রিজিওনাল ডিরেক্টর (ইস্টার্ন রিজিওন) কর্পোরেট ভবন, ৭ম তল, প্লট ৩এফ/১৬, এএ-৩এফ, রাজারহাট, নিউ টাউন, আকন্দকেশরী, কলকাতা-৭০০১৩৫ ঠিকানায় বিজ্ঞপ্তি প্রকাশের ১৪(চৌদ্দ দিন) এর মধ্যে পাঠাতে পারেন একটি কপি আবেদনকারী কোম্পানির নিম্নোক্ত ঠিকানায় রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
**৩, সাকাত প্লেস, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০০৭২।**

**মেসার্স ডুয়েট ইলেক্ট্রনিকস এন্টারপ্রাইজেস প্রাইভেট লিমিটেডের পক্ষে**
স্বা/-
(তরুণ ধীর)
ডিরেক্টর

**তারিখ : ০৮.০৬.২০২৬** ডিন : ০৩০৪০৩৪০
**স্থান : কলকাতা** ঠিকানা : সি-৭৭, সূর্য্য নগর, গাজিয়াবাদ -২০১০১১ (ইউ পি)

---

**মানাকসিয়া লিমিটেড**
কর্পোরেট আইডেন্টিফিকেশন নাম্বার : L74950WB1984PLC038336
রেজি অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, ৩য় তল, কলকাতা - ৭০০ ০০১
ফোন নং : +৯১-৩৩-২২৩১০০৫৫
ইমেল : investor.relations@manaksia.com ওয়েবসাইট : www.manaksia.com

**ভৌত সিকিউরিটিজের ডিমেটেরিয়ালাইজেশন এবং স্থানান্তরের জন্য বিশেষ ব্যবস্থা**

কোম্পানির সকল শেয়ারহোল্ডারদের অবহিত করা হচ্ছে যে, ৩০ জানুয়ারী, ২০২৬ তারিখের সেবি সার্কুলার নং SEBI/HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 অনুসারে, কোম্পানি ১ এপ্রিল, ২০১৯ এর আগে বিক্রি/ক্রয় করা কিন্তু নথিপত্র, প্রক্রিয়া বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ফেরত/অনুপস্থিত থাকা ভৌত সিকিউরিটিগুলির স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য এককালীন বিশেষ ব্যবস্থা করতে পেরে আনন্দিত।
এই বিশেষ উইন্ডোটি **৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭** পর্যন্ত এক বছরের জন্য খোলা রাখা হয়েছে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই সময়ের মধ্যে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি কেবলমাত্র ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) ফর্মে হস্তান্তরকারীর কাছে জমা হবে এবং স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য লক-ইন থাকবে। যোগ্য শেয়ারহোল্ডাররা নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ কোম্পানি/রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) -এর কাছে স্থানান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য তাদের অনুরোধ জমা দিতে পারেন। এই বিষয়ে যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা নীচের ঠিকানায় কোম্পানি/আরটিএ-এর সাথে যোগাযোগ করতে পারেন :

| | |
|---|---|
| **মানাকসিয়া লিমিটেড**<br>টার্নার মরিসন বিল্ডিং<br>৬ লায়ন্স রেঞ্জ, ৩য় তল<br>কলকাতা- ৭০০ ০০১<br>টেলিফোন ০৩৩ ২২৩১-০০৫৫<br>ইমেল : investor.relations@manaksia.com | **মাহেশ্বরী ডেটামেটিকস প্রা লি**<br>(ইউনিট- মানকসিয়া লিঃ)<br>২৩, আর এন মুখার্জি রোড, ৬ষ্ঠ তল,<br>কলকাতা -৭০০০০১<br>ফোন : ০৩৩-২২৪৩-৫০২৯<br>ইমেল : compliance@mdplcorporate.com |

**মানাকসিয়া লিমিটেডের পক্ষে**
স্বা/-
**দেবদীপ চৌধুরী**
**কোম্পানি সেক্রেটারি**
স্থান - কলকাতা
তারিখ- ১১.০৬.২০২৬

---

**মানাকসিয়া স্টিলস লিমিটেড** (MANAKSIA)
কর্পোরেট আইডেন্টিফিকেশন নম্বর : L27101WB2001PLC138341
রেজিস্টার্ড অফিস : টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, ২য় তল, কলকাতা - ৭০০ ০০১
ফোন নং : ০৩৩-২২৩১ ০০৫৫/৫৬
ইমেল : info.steels@manaksiasteels.com, ওয়েবসাইট : www.manaksiasteels.com

**ভৌত সিকিউরিটিজের ডিমেটেরিয়ালাইজেশন এবং স্থানান্তরের জন্য বিশেষ ব্যবস্থা**

কোম্পানির সকল শেয়ারহোল্ডারদের অবহিত করা হচ্ছে যে সেবি সার্কুলার নং SEBI/HO/38/13/11 (2)2026-MIRSD-POD/I/3750/2026 তারিখের ৩০ জানুয়ারী, ২০২৬ অনুসারে, কোম্পানি আনন্দের সাথে একটি অফার করছে ১ এপ্রিল, ২০১৯ এর আগে বিক্রি/ক্রয় করা কিন্তু নথিপত্র, প্রক্রিয়া বা অন্য কোনও কারণে প্রত্যাখ্যাত/ফেরত/অনুপস্থিত থাকা ভৌত সিকিউরিটিজের স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য এককালীন বিশেষ উইন্ডো।
এই বিশেষ উইন্ডোটি **৫ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারী, ২০২৭** পর্যন্ত এক বছরের জন্য খোলা রাখা হয়েছে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই সময়ের মধ্যে, স্থানান্তরিত সিকিউরিটিগুলি কেবলমাত্র ডিম্যাটেরিয়ালাইজড (ডিম্যাট) ফর্মে হস্তান্তরকারীর কাছে জমা হবে এবং স্থানান্তর নিবন্ধনের তারিখ থেকে ১ (এক) বছরের জন্য লক-ইন থাকবে। যোগ্য শেয়ারহোল্ডাররা নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ কোম্পানি/রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-এর কাছে স্থানান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য তাদের অনুরোধ জমা দিতে পারেন। এই বিষয়ে যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য, সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা নীচে দেওয়া ঠিকানায় কোম্পানি/আরটিএ-এর সাথে যোগাযোগ করতে পারেন :

| কোম্পানি | আরটিএ |
|---|---|
| **মানাকসিয়া স্টিলস লি.**<br>টার্নার মরিসন বিল্ডিং,<br>৬ লায়ন্স রেঞ্জ, ২য় তল,<br>কলকাতা - ৭০০ ০০১<br>টেলিফোন ০৩৩ ২২৩১-০০৫৫/৫৬<br>ইমেল : info.steels@manaksiasteels.com | **মাহেশ্বরি ডেটামেটিক্স প্রা. লি.**<br>(ইউনিট- মানাকসিয়া স্টিলস লি.)<br>২৩, আর. এন. মুখার্জি রোড, ৬ষ্ঠ তল,<br>কলকাতা : ৭০০ ০০১<br>টেলিফোন : ০৩৩ ২২৪৩-৫০২৯<br>ইমেল- compliance@mdplcorporate.com |

**মানাকসিয়া স্টিলস লি. এর পক্ষে**
স্বা/-
**অজয় শর্মা**
**কোম্পানি সেক্রেটারি**
**স্থান : কলকাতা**
**তারিখ : ১১.০৬.২০২৬**

---

**SKIPPER**
**স্কিপার লিমিটেড**
CIN: L40104WB1981PLC033408
রেজিস্টার্ড অফিস : ৩এ, লাউডন স্ট্রিট, ২য়তল, কলকাতা- ৭০০০১৭
ফোন : (০৩৩) ২২৮৯ ৫৭৩১, ফ্যাক্স : (০৩৩) ২২৮৯ ৫৭৩৩
ইমেল : investor.relations@skipperlimited.com ওয়েবসাইট : www.skipperlimited.com

**শেয়ারহোল্ডারগণের প্রতি নোটিশ**
**ফিজিক্যাল আকারে থাকা ইক্যুইটি শেয়ারসমূহ এর হস্তান্তরের পুনর্নথিভুক্তকরণের জন্য বিশেষ ব্যবস্থা- তৃতীয়বার অবহিতকরণ**

স্কিপার লিমিটেড (কোম্পানি) এতদ্বারা তার শেয়ারহোল্ডারগণকে অবহিত করছে যে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া উল্লেখ্য সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/আই/৩৭৫০/২০২৬ তারিখ ৩০ জানুয়ারি ২০২৬ অনুযায়ী ঘোষণা করেছে যে, ফিজিক্যাল আকারে অধিকৃত ইক্যুইটি শেয়ারসমূহ এর হস্তান্তরের অনুরোধের পুনর্নথিভুক্তিকরণ এর জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে।
সংশ্লিষ্ট ব্যবস্থায় বিনিয়োগকারীগণের কেনা শেয়ারসমূহ সুরক্ষিত করা এবং বিনিয়োগের সুবিধা সহজ করার জন্য সংশ্লিষ্ট ফিজিক্যাল শেয়ারসমূহ পুনর্নথিভুক্তিকরণের জন্য যা মূলত ১ এপ্রিল ২০১৯ তারিখের পূর্বে সম্পাদিত হয় তার সম্পূর্ণ সুবিধা প্রদানের জন্য।

**সংশ্লিষ্ট বিশেষ সুবিধা ৪ ফেব্রুয়ারি ২০২৭ তারিখ পর্যন্ত ফিজিক্যাল শেয়ারসমূহ এর হস্তান্তরের অনুরোধ পুনর্নথিভুক্তকরণের জন্য শেয়ারহোল্ডারগণকে এক বছরের সুযোগ দেওয়া হয়েছে।**

আরও বিশদে উক্ত সার্কুলার অবহিত হওয়ার জন্য নিম্নোক্ত বিস্তারিত অবধারণ করতে অনুরোধ করা হচ্ছে :

| শেয়ার হস্তান্তরের সম্পাদনের তারিখ | ১ এপ্রিল ২০১৯ তারিখের পূর্বে হস্তান্তরের জন্য দায়ের করা? | মূল শেয়ার সার্টিফিকেট উপলব্ধ কিনা? | সাম্প্রতিক সুবিধা ব্যবহারের উপযুক্ততা? |
|---|---|---|---|
| ১ এপ্রিল ২০১৯ এর পূর্বে | না (নতুন করে দায়ের করা) | হ্যাঁ | হ্যাঁ |
| | হ্যাঁ (পূর্বে বাতিল/ফেরত এসেছিল) | হ্যাঁ | হ্যাঁ |
| | হ্যাঁ | না | না |
| | না | না | না |

উপযুক্ত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হচ্ছে কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড ট্রান্সফার এজেন্ট **-মাহেশ্বরী ডেটামেটিকস প্রাইভেট লিমিটেড**, ২৩, আর এন মুখার্জি রোড, ৬ষ্ঠতল, কলকাতা-৭০০০০১, ই-মেল : **contact@mdplcorporate.com** সংশ্লিষ্ট সুবিধার সুফল পেতে সার্কুলারের বিস্তারিত উল্লেখ করতে এবং ফিজিক্যাল শেয়ারসমূহ স্থান্তরের বিশেষ সুবিধার বিষয়ে উল্লেখকরতে।

**স্কিপার লিমিটেড এর পক্ষে**
স্বা/-
অনু সিং
(কোম্পানি সেক্রেটারি এবং প্রয়োগ আধিকারিক)
**স্থান : কলকাতা**
**তারিখ : ১১.০৬.২০২৬**

---

**নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড**
CIN: L92419WB1989PLC046487
রেজিঃ অফিস : "ঝিল মিল", সেক্টর-৪, সল্টলেক সিটি কলকাতা-৭০০১০৬
টেলি: (০৩৩) ৬৬২৮৫৫২৮/৫৫১৮
ই-মেল : niccopark@niccoparks.com ওয়েবসাইট: www.niccoparks.com

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, **নিক্কো পার্কস অ্যান্ড রিসর্ট লিমিটেড (দ্য "কোম্পানি")-এর ৩৭তম বার্ষিক সাধারণ সভা (দ্য "এজিএম")** সভা আহ্বায়ক নোটিসে (দ্য "নোটিস") প্রদত্তমতো কার্যাদি নিষ্পন্নের জন্য **৩ জুলাই ২০২৬ তারিখ শুক্রবার বেলা ৩:৩০টায় আইএসটি ভিডিও কনফারেন্সিং ("ভিসি") অথবা আদার অডিও ভিসুয়াল মিনস ("ওএভিএম")** -এর মাধ্যমে হবে বলে নির্ধারিত আছে।
এজিএম পরিচালনার পদ্ধতি কোম্পানি আইন, ২০১৩ (**'অ্যাক্ট'**) এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক (**'এমসিএ'**) দ্বারা ইস্যুকৃত জেনারেল সার্কুলার (সমষ্টিগতভাবে **'এমসিএ সার্কুলারস'** হিসাবে উল্লেখ করা হয়েছে)। উল্লিখিত এমসিএ এবং সেবি সার্কুলারের পরিপ্রেক্ষিতে, বার্ষিক রিপোর্টের কোনও ফিজিক্যাল কপি প্রেরণ করা হবে না।
উপরে উল্লিখিত সার্কুলার অনুসারে, কোম্পানির বার্ষিক প্রতিবেদনের সফ্ট কপি সহ ৩৭তম এজিএম আহ্বানকারী বিজ্ঞপ্তি, অন্যান্য বিষয়ের সাথে, ৩১ মার্চ, ২০২৬ সমাপ্ত আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন এবং নোটিশ শুধুমাত্র সেই সদস্যদের ই-মেইলের মাধ্যমে পাঠানো হচ্ছে যাদের ই-মেইল ঠিকানা কোম্পানি বা রেজিস্ট্রার এন্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") অর্থাৎ মেসার্স আর এন্ড ডি ইনফোটেক প্রাইভেট লিমিটেড এর সাথে নিবন্ধিত এবং শেয়ারহোল্ডার যাদের ইমেল ঠিকানা নিবন্ধিত নয় তারা কোম্পানি বা রেজিস্ট্রার এন্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") অর্থাৎ, মেসার্স আর এন্ড ডি ইনফোটেক প্রাইভেট লিমিটেড সাথে যোগাযোগ করুন ই-মেইল ঠিকানা নিবন্ধনের জন্য। সকল সদস্যকে ফিজিকাল কপি এবং নোটিশ ও বার্ষিক প্রতিবেদন পাঠানো আবশ্যক সে ব্যবস্থা নেওয়া হচ্ছে। এজিএম বিজ্ঞপ্তি ও ২০২৫-২০২৬ এর বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ www.niccoparks.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত, অর্থাৎ www.bseindia.com এবং এনএসডিএলের (ই-ভোটিং সুবিধা প্রদানকারী পরিষেবায় নিযুক্ত এজেন্সি) ই-ভোটিং ওয়েবসাইট www.evoting.nsdl.com -তেও উপলব্ধ করা হবে।

**ই-ভোটিংয়ের পদ্ধতি**

কোম্পানি আইন, ২০১৩ -এর ১০৮ ধারার বিধানাবলি এবং প্রযোজ্য অন্যান্য বিধানাবলি যদি থাকে, কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ -এর রুল ২০ এবং সেখানের সমসংশোধনী-সহ এবং সংশোধিতমতো সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৪৪ এবং রেগুলেটরি আবশ্যকতার সঙ্গে অন্যান্য সাদৃশ্য অনুসারে সভায় কার্যাদি নিষ্পন্নের সম্পর্কে বৈদ্যুতিনভাবে তাঁদের ভোট প্রদানে যোগ্য সদস্যদের সক্ষম করার জন্য রিমোট ই-ভোটিং সুবিধা ও ৩৭তম এজিএম চলাকালে ই-ভোটিংয়ের সুবিধা দেওয়ার জন্য কোম্পানি এনএসডিএল-এর পরিষেবাকে নিযুক্ত করেছে।

**রিমোট ই-ভোটিংয়ের সুবিধা পাওয়া যাবে নিম্নোক্ত সময়সীমাকালে :**

| | |
|---|---|
| **রিমোট ই-ভোটিং শুরু** | ৩০ জুন ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ৯:০০টা (আইএসটি) |
| **রিমোট ই-ভোটিং সমাপ্ত** | ২ জুলাই ২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫:০০টায় (আইএসটি) |
| **ইভিইএন** | ১৩৯৬৫৪ |

এই সময়কালে, 'কাট-অফ ডেট' বা নির্ধারিত তারিখ;অর্থাৎ ২৬ জুন, ২০২৬ শুক্রবার অনুযায়ী ফিজিক্যাল বা ডিম্যাট মোডে শেয়ার ধারণকারী সদস্যরা 'রিমোট ই-ভোটিং'-এর মাধ্যমে তাঁদের ভোট প্রদান করতে পারবেন। এরপর ভোটগ্রহণের জন্য এনএসডিএল কর্তৃক রিমোট ই-ভোটিং মডিউলটি অবিলম্বে নিষ্ক্রিয় করে দেওয়া হবে। উক্ত কাট-অফ ডেটে সদস্যদের নামে নিবন্ধিত শেয়ারের 'পেইড-আপ ভ্যালু' বা পরিশোধিত মূল্যের ভিত্তিতে তাঁদের ভোটাধিকার গণনা করা হবে। নোটিশ পাঠানোর পরে কোম্পানির শেয়ার অর্জন করে সদস্য হয়েছেন এবং কাট-অফ তারিখ ২৬ জুন, ২০২৬ শেয়ার ধারণ করছেন;এমন কোনো ব্যক্তি evoting@nsdl.co.in অথবা info@rdinfotech.net বা ankit@niccoparks.com / raja.m@niccoparks.com-এ অনুরোধ জানিয়ে লগ-ইন আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারেন। ৩৭তম বার্ষিক সাধারণ সভায় সদস্যদের জন্য ই-ভোটিং-এর সুবিধাও উপলব্ধ থাকবে। শুধুমাত্র সেইসব সদস্য;যারা ভিসি বা ওএভিএম-এর মাধ্যমে সভায় উপস্থিত আছেন, যারা রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে প্রস্তাবগুলোর ওপর ভোট দেননি এবং যাদের ভোট প্রদানে অন্য কোনো বিধিনিষেধ নেই; তাঁরাই এজিএম চলাকালীন www.evoting.nsdl.com-এর মাধ্যমে ই-ভোটিং ব্যবস্থায় ভোট দেওয়ার সুযোগ পাবেন। তবে, যেসব সদস্য ইতিমধ্যে রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিয়েছেন, তাঁরা সভায় উপস্থিত থাকতে পারলেও, পরবর্তীকালে তাঁদের ভোট পরিবর্তন করতে পারবেন না কিংবা সভার সময় পুনরায় ভোট দিতে পারবেন না।
**যদি কোনো সদস্য ইতিমধ্যে এনএসডিএল-এর কাছে নিবন্ধিত থাকেন, তবে ই-ভোটিং-এর জন্য তাঁদের বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করা যাবে।**
সদস্যদের জন্য সাধারণ নির্দেশিকা ভিসি বা ওএভিএম-এর মাধ্যমে বার্ষিক সাধারণ সভায় (এজিএম) যোগ দেওয়ার সুবিধাটি সভার নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট আগে চালু হবে এবং নির্ধারিত সময়ের ১৫ মিনিট পর বন্ধ হয়ে যেতে পারে; এই সুবিধাটি 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে অন্তত ১০০০ জন সদস্যের জন্য উপলব্ধ থাকবে। যে সকল সদস্যের সভার আগে বা চলাকালীন কোনো সহায়তার প্রয়োজন হবে, তাঁরা এনএসডিএল-এর সিনিয়র ম্যানেজার শ্রীমতী পল্লবী মাত্রে -এর সাথে ০২২-৪৮৮৬ ৭০০০ নম্বরে, evoting@nsdl.co.in ইমেইল ঠিকানায় অথবা ১৮০০-১০২০-৯৯০ টোল-ফ্রি নম্বরে যোগাযোগ করতে পারেন। সিডিএসএল-এর কাছে ডিম্যাট মোডে সিকিউরিটিজ বা শেয়ার ধারণকারী সদস্যরা টেলিফোন নম্বর (০২২) ২৩৫৮৭৩৮ / (০২২) ২৩৫৮৫৪২-৪৩ অথবা helpdesk.evoting@cdslindia. com ইমেইল ঠিকানায় যোগাযোগ করতে পারেন।
অন্য কোনো সহায়তার জন্য, সদস্যরা মেসার্স আর অ্যান্ড ডি ইনফোটেক প্রা. লি. (কোম্পানির রেজিস্ট্রার ও ট্রান্সফার এজেন্ট)-এর শ্রী অনুপ মৈত্র-র সাথে (০৩৩) ২৪১৯২৬৪১/৪২ নম্বরে অথবা info@rdinfotech.net ইমেইল ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

**প্রশ্ন উত্থাপন / স্পষ্টীকরণ চাওয়ার পদ্ধতি**

যেহেতু বার্ষিক সাধারণ সভা ভিসি বা ওএভিএম -এর মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে, তাই সভার সুষ্ঠু পরিচালনার স্বার্থে সদস্যদের অনুরোধ করা হচ্ছে যেন তাঁরা তাঁদের মতামত বা প্রশ্ন আগেভাগেই তবে ১ জুলাই, ২০২৬, বুধবার বিকেল ৪টার পর নয় ankit@niccoparks.com-এ ই-মেইল করে জানান অথবা বক্তা হিসেবে নিজেদের নাম নথিভুক্ত করেন। উল্লেখ্য, শুধুমাত্র উক্ত তারিখ ও সময়ের মধ্যে কোম্পানির কাছে প্রাপ্ত প্রশ্ন বা জিজ্ঞাস্যগুলিই সভায় বিবেচনা করা হবে এবং সেগুলির উত্তর দেওয়া হবে। সভার সুষ্ঠু পরিচালনার স্বার্থে প্রশ্ন বা বক্তার সংখ্যা এবং প্রশ্নের জন্য বরাদ্দ সময় সীমিত করার অধিকার সভার সভাপতি বা কোম্পানির সংরক্ষিত থাকবে।
**সদস্যদের অনুরোধ করা হচ্ছে যেন তাঁরা সভার বিজ্ঞপ্তিতে উল্লিখিত সমস্ত নির্দেশাবলি এবং সভায় যোগদানের পদ্ধতি, রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোট প্রদানের নিয়মাবলি ইত্যাদি সংক্রান্ত সংযুক্ত নির্দেশিকাগুলি মনোযোগ সহকারে পড়ে নেন।**
কোম্পানির সকল সদস্যের অবগতি ও সুবিধার্থে এই তথ্য প্রকাশ করা হচ্ছে।

**নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড**-এর পক্ষে
স্বা/-
**অঙ্কিত কুমার ভরদ্বাজ**
**কোম্পানি সেক্রেটারি এবং কমপ্ল্যায়ান্স অফিসার**
স্থান: কলকাতা
তারিখ: ১১.০৬.২০২৬